



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মুলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১৭ এপ্রিল' ২০২৪ খ্রি.

বাড়াইপাড়া খাল খননের কাজ দ্রুত শেষ করার তাগিদ মেয়র রেজাউলের

নগরীর ৮ ওয়ার্ডের প্রায় ১০ লাখ বাসিন্দাকে জলাবদ্ধতার অভিশাপ থেকে মুক্তি দিতে বাড়াইপাড়া খাল খনন কাজ দ্রুত শেষ করার তাগিদ দিয়েছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

বুধবার সকালে মেয়র খালের বহুদারহাট অংশসহ খালের বিভিন্ন অংশের খনন কাজ সরেজমিনে প্রত্যক্ষ করেন এবং সংশ্লিষ্ট প্রকৌশলীদের কাছ থেকে কাজের অগ্রগতি সম্পর্কে অবহিত হন। তিনি আসন্ন বর্ষা মৌসুমে যাতে পানি চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি না হয় সে বিষয়ে দিক নির্দেশনাসহ নির্দিষ্ট সময়ের মধ্যে কাজ সম্পাদনের তাগাদা দেন।

পরিদর্শনকালে মেয়র বলেন, বারইপাড়া খালের সাথে শুলকবহর, মোহরা, বহুদারহাট, বাকলিয়া ও চাতাইসহ ৮ ওয়ার্ডের প্রায় ১০ লাখ বাসিন্দার জলাবদ্ধতার অভিশাপ থেকে মুক্তির বিষয়টি জড়িত। এজন্য দ্রুততম সময়ে এ খাল খননের কাজ শেষ করতে হবে।

এ সময় মেয়রের সাথে উপস্থিত ছিলেন ওয়ার্ড কাউন্সিলর মোঃ হারুন অর রশীদ, সংরক্ষিত কাউন্সিলর শাহীন আকর রোজী, হাজী মোঃ ইয়াকুব, মোঃ সেকান্দর মোঃ বেলাল উদ্দিন, হাজী তৈয়ব, মোঃ ইসমাইল হোসেনসহ আওয়ামী লীগ, যুবলীগ, স্বেচ্ছাসেবক লীগ, ছাত্রলীগ নেতৃত্বে।

উল্লেখ্য, ২ দশমিক ৯ কিলোমিটার দীর্ঘ খালটি হবে ৬৫ ফুট চওড়া। খালের দুই পাশে ২০ ফুট করে সাড়ে পাঁচ কিলোমিটার দীর্ঘ দুটি রাস্তা হবে এবং ছয় ফুট প্রস্ত্রের দুটি করে ওয়াকওয়ে হবে। খালটি বারইপাড়া থেকে শুরু হয়ে নূরনগর হাউজিং হয়ে, ওয়াইজপাড়া থেকে বলিরহাটের পাশ দিয়ে কর্ণফুলী নদীতে মিশবে।

এ অঞ্চলের জলাবদ্ধতা নিরসনে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের (সিডিএ) ১৯৯৫ সালে করা ড্রেনেজ মাস্টারপ্ল্যানে নগরের বহুদারহাট বারইপাড়া থেকে কর্ণফুলী নদী পর্যন্ত ২ দশমিক ৯ কিলোমিটার দৈর্ঘ্যের খালটি খননের সুপারিশ করা হয়। এর প্রায় দুই দশক পর ২০১৪ সালের জুন মাসে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় বারইপাড়া খাল খনন প্রকল্প অনুমোদন পায়। প্রকল্পটি বাস্তবায়ন শেষ হলে ওই এলাকার ২ হাজার ২৬৪ হেক্টার এলাকার পানি নিষ্কাশিত হয়ে কর্ণফুলী নদীতে প্রবাহিত হবে।

ফিরিঙ্গিবাজার অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্তদের মাঝে মেয়রের আগ বিতরণ

বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি চট্টগ্রাম সিটি ইউনিটের উদ্যোগে নগরীর ফিরিঙ্গি বাজার টেকপাড়া ও এয়াকুব নগর বন্ডিতে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্তদের মাঝে আগ সামগ্রী বিতরণ করেন সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

ফিরিঙ্গি বাজার ওয়ার্ডস্থ টেকপাড়া ও এয়াকুব নগর বন্ডিতে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্তদের মাঝে বুধবার সকালে সিটি মেয়র মো. রেজাউল করিম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ১২০টি পরিবারের মধ্যে এসব সামগ্রী বিতরণ করেন। আগ সামগ্রীর মধ্যে রয়েছে প্রতিটি পরিবারের জন্য একটি তারপিল, দুইটি স্লিপিং ম্যাট ও একটি কিচেন সেট।

আগ বিরতণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মেয়র বলেন, অগ্নিকাণ্ডের সময় থেকেই চট্টগ্রাম সিটি যুব রেড ক্রিসেন্টের স্বেচ্ছাসেবকরা এখানে কাজ করে যাচ্ছে, ক্ষতিগ্রস্তদের দুঃসময়ে সহায়তার হাত বাঢ়িয়ে জরুরি সামগ্রী নিয়ে পাশে দাঁড়িয়েছে।

চট্টগ্রাম জেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা রেড ক্রিসেন্টের চেয়ারম্যান এটিএম পেয়ারুল ইসলামের সভাপতিত্বে ও রেড ক্রিসেন্টের সেক্রেটারি আবদুল জব্বার এর সঞ্চালনায় এসময় উপস্থিত ছিলেন পাথরঘাটা ওয়ার্ড কাউন্সিলর পুলক খানগীর, সংরক্ষিত নারী কাউন্সিলর লুৎফুরেসা দোভাস বেবী, এইচ এম সালাউদ্দিন, নেছার আহমেদ, মোশরাফুল হক চৌধুরী পাতেল, মোঃ ইয়তিয়াজ, এসএম শওকত ওসমান, বনজীর আহমেদ, রাইসুল ইসলাম এমিল, শহিদুল ইসলাম পিন্টু, আন ম তামজীদ, দীপ্তি ভট্টাচার্য, মো রফিকুল ইসলাম ও যুব স্বেচ্ছাসেবকবৃন্দ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮